গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩- ১৬৪৭৪/৮(৭৩)	তারিখ: ০৪/৯/১৪২৯ / ১৯/১২/২০২২

বিষয় : ২৫ ডিসেম্বর-২০২২ 'বড়দিন উদযাপন' এবং ৩১ ডিসেম্বর ২০২২ 'থার্টি ফার্স্ট নাইট' উদযাপন উপলক্ষে অগ্নিনিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন ২৫ ডিসেম্বর-২০২২ খ্রিষ্টান সম্প্রদায়ের পবিত্র ধর্মীয় অনুষ্ঠান বড়দিন নির্বিঘ্নে উদযাপন এবং ৩১ ডিসেম্বর ২০২২ 'থার্টি ফার্স্ট নাইট' উপলক্ষে জননিরাপত্তা ও জনশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করে যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নিম্নবর্ণিত নির্দেশনাগুলো বাস্তবায়ন করতে হবে।

১. সমগ্র দেশের সকল ফায়ার স্টেশন ২৪-২৫ ডিসেম্বর-২০২২ এবং ৩১ ডিসেম্বর ২০২২ হতে ০১ জানুয়ারী-২০২৩ পর্যন্ত সর্বোচ্চ সতর্ক অবস্থা/স্ট্যান্ডবাই হিসেবে নিয়োজিত থাকবে।

২. যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলার জন্য বিভাগীয় শহরে/জেলা/উপজেলা ফায়ার স্টেশনে একটি **"Quick Response Team"** প্রস্তুত রাখতে হবে।

৩. প্রতিটি বিভাগীয়/জেলা/উপজেলা শহরে "বড়দিন উদযাপন" এবং "থার্টি ফার্স্ট নাইট" উপলক্ষে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসন এর চাহিদা মোতাবেক স্পর্শকাতর ও ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে অগ্নিনির্বাপণ গাড়ি ও এ্যাম্বুলেন্স গাড়ি নিয়োজিত রাখতে হবে।

৪. যে সকল ফায়ার স্টেশনে টু-হুইলার ওয়াটার মিস্ট মোটর সাইকেল রয়েছে সে সকল এলাকায় 'বড়দিন উদযাপন' এবং 'থার্টি ফার্স্ট নাইট' উপলক্ষে টু-হুইলার ওয়াটার মিস্ট মোটর সাইকেলযোগে টহল ডিউটিতে নিয়োজিত থাকতে হবে।

৫. খ্রিষ্টান ধর্মাবলম্বীদের ২৫ ডিসেম্বর- ২০২২ 'বড়দিন উদযাপন' উপলক্ষে পবিত্র উপাসনালয়ের (গির্জা/প্যাগোডা/চার্চ) তালিকা প্রস্তুতসহ পরিচালনা কমিটির সদস্যদের সাথে স্থানীয় ফায়ার স্টেশন কর্তৃপক্ষ কর্তৃক সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহ করে রাখতে হবে।

৬. প্রতিটি গির্জা/প্যাগোডা/চার্চ -এ- ফায়ার সার্ভিসের জরুরি টেলিফোন নম্বর সম্বলিত দুর্ঘটনা/দুর্যোগে করণীয় সম্পর্কিত লিফলেট বিতরণ করতে হবে। যাতে যে কোন দুর্ঘটনার সংবাদ দ্রুত আদান-প্রদান করা যায়।

৭. বিভাগীয়/জেলা/উপজেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসেবে উপপরিচালক/সহকারী পরিচালক এবং উপসহকারী পরিচালকগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করে (২৪-২৫) ডিসেম্বর-২০২২ এবং ৩১ ডিসেম্বর ২০২২ হতে ০১ জানুয়ারী-২০২৩ দায়িত্ব পালন করতে হবে।

৮. দায়িত্ব পালনের সুবিধার্থে উক্ত সময়ে কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সীমিত পর্যায়ে রাখতে হবে।

৯. ২৫ ডিসেম্বর-২০২২ বড়দিন উদযাপন ও ৩১ ডিসেম্বর-২০২২ থার্টি ফার্স্ট নাইট উপলক্ষে প্রতিটি জেলার পুলিশ কন্ট্রোল রুমের সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম পরিচালনা করতে হবে।

১০. ডিউটিতে (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়োজিত প্রতিটি গাড়িতে ফায়ার এক্সটিংগুইসার, এএফটি, লগকাটার ও রোড রেসকিউ ইক্যুইপমেন্ট রাখতে হবে।

১১. জেলা/উপজেলা পর্যায়ে গির্জা/প্যাগোডা/চার্চ ও উহার প্রধানগণের তালিকা সংগ্রহে রাখা এবং প্রধানগণের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।

১২। ২৫ ডিসেম্বর-২০২২ বড়দিন উদযাপন ও ৩১ ডিসেম্বর-২০২২ থার্টি ফার্স্ট নাইট উপলক্ষে জেলার সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালকগণ তাদের স্ব স্ব জেলার কনটিজেন্সী প্লান প্রস্তুত করতঃ কার্যক্রম গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, উল্লিখিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন করার জন্য তাঁর আওতাধীন দপ্তর/স্টেশনে পত্র জারি করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং উক্ত আদেশ পালনে ব্যত্যয় পরিলক্ষিত হলে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

লেঃ কর্ণেল জিল্লুর রহমান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। সুচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ মেট্রো পলিটন পুলিশ।
৪। উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ/চট্টগ্রাম রেঞ্জ/রাজশাহী রেঞ্জ/খুলনা রেঞ্জ/বরিশাল রেঞ্জ/রংপুর রেঞ্জ/সিলেট রেঞ্জ/ময়মনসিংহ রেঞ্জ।
৫। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স------------------------------------(সংশ্লিষ্ট সকল জেলা)।
৭। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স---- লালপুর ------------(সংশ্লিষ্ট সকল জেলা)।
৮। সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রিয় কারিগরী কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে ফ্যাক্সযোগে অবহিত করতে অনুরোধ করা হলো)।